৭৭

ভোরের কাগজ

তারিখ APR. 22 1999
পৃষ্ঠা: ১৪ কলাম ৩

# শিক্ষকদের ওএসডি করা ও ৮ কোটি টাকার দুর্নীতি নিয়ে বিএম কলেজে ব্যাপক আলোড়ন

বরিশাল প্রতিনিধি : সরকারি বিএম কলেজের অধ্যক্ষসহ পাঁচজন শিক্ষকের ওএসডিকরণ এবং ৮ কোটি টাকার দুর্নীতির সংবাদে ক্যাম্পাসে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে। ওএসডিকৃত সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের পুনর্বহালের দাবিতে বিভাগীয় ছাত্রছাত্রীরা বিক্ষোভ প্রদর্শন করেন।

ছাত্রলীগ (বা-অ) নেতৃবৃন্দ কলেজ অধ্যক্ষের কক্ষের তালা খুলে দেওয়ায় ওএসডিকৃত অধ্যক্ষ সাইদুল ইসলাম আগামীকালের মধ্যে দায়িত্ব হস্তান্তরের জন্য প্রস্তুতি নিচ্ছেন। গতকাল ক্যাম্পাসে গিয়ে অধ্যক্ষের সঙ্গে ছাত্রলীগ নেতৃবৃন্দকে আলাপ করতে দেখা গেছে। আত্মীকৃত সরকারি কলেজ শিক্ষক নেতা ইতিহাসের সহকারী অধ্যাপক জাহিদুল ইসলামকে সরকারি চাকরির শৃঙ্খলাভঙ্গজনিত কারণে ওএসডি করা হয়েছে বলে জানা গেছে। তবে সরকারি তহবিলের টাকা ভাগাভাগি নিয়ে কিছুদিন আগে সংঘটিত এক মারামারিতে তিনি একটি গ্রুপের নেতৃত্ব দেন এবং রাষ্ট্রপতির এক ভাষণে বিষয়টি উল্লেখিত হয়। ইতিহাস বিভাগের প্রভাষক ওলিউল ইসলাম এবং প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক খান হাবিবুর রহমানের বিরুদ্ধে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি ও বঙ্গবন্ধুর অবমাননার অভিযোগ রয়েছে এবং তারা ছাত্রলীগের পক্ষ হতে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষিত হওয়ায় দীর্ঘদিন যাবৎ কলেজে অনুপস্থিত। কিছুদিন আগে ছাত্রলীগ ক্যাডাররা অধ্যাপক হাবিবের বাসায় হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর ও লুটপাট করেছে।

ওএসডিকৃত সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক আমীর হোসেন মিয়ার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ এখনো জানা যায়নি। গতকাল এ বিভাগের ছাত্রছাত্রীরা বিভাগীয় চেয়ারম্যানের পুনর্বহালের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন ও ক্লাস বর্জন করেছে। ছাত্রলীগ অধ্যাপক আমীর হোসেন এবং জাহিদুল ইসলামের পুনর্বহালের দাবিতে বিবৃতি দিয়েছে।

অন্যদিকে অধ্যাপক হাবিবের বাসায় ছাত্রলীগ ক্যাডারদের হামলার নিন্দার কারণে ক্যাম্পাস হতে বহিষ্কৃত ছাত্রমৈত্রীর কর্মী-সমর্থকরা এখনো কলেজে আসতে পারছে না।

এদিকে গত পাঁচ বছরে ঠিকাদারি, বিভিন্ন বেসরকারি তহবিলের নামে অর্থ আদায়, ছাত্রাবাসের অর্থ ও সম্পদ আত্মসাতের মাধ্যমে বিএম কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিভাগীয় চেয়ারম্যান ও একশ্রেণীর প্রভাবশালী শিক্ষক ৮ কোটি টাকারও বেশি অর্থ আত্মসাৎ করেছেন বলে সংবাদ প্রকাশিত হওয়ায় ক্যাম্পাসে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ছাত্র-শিক্ষকসহ বিভিন্ন মহল এ ব্যাপারে নিরপেক্ষ তদন্ত এবং দোষীদের কঠোর শাস্তি দাবি করেছেন। এ বিষয়ে বিএম কলেজ অধ্যক্ষ আজ বিকালে প্রেসক্লাবে একটি জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন।